



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

গাজীপুর-১৭০৫।

"শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ"

স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ

ফোন-৯২৯১১১৩



স্মারক নং: বাউবি/এসএসএস/ভর্তি/বিবিএস/রেজিস্ট্রেশন/৩৭(১২)০৮/৭৫০

তারিখ : ২৯/০৩/২০২১

আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কেন্দ্র : ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/ময়মনসিংহ/বরিশাল/সিলেট/ফরিদপুর/খুলনা/যশোর/রাজশাহী/বগুড়া/রংপুর।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বিষয় : ওপেন স্কুল পরিচালিত বিবিএস প্রোগ্রামের ২য় ও ৩য় বর্ষের রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি এবং অনলাইনে ক্লাস শুরু প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি'র ওপেন স্কুল পরিচালিত বিবিএস প্রোগ্রাম ২০১৯ ব্যাচের ২য়, ২০১৮ ব্যাচের ৩য় এবং ২০১৭ ব্যাচের পুরাতন শিক্ষার্থীদের ৩য় বর্ষের রেজিস্ট্রেশন ফি জমাদানের মেয়াদ বৃদ্ধি এবং অনলাইনে ক্লাস শুরুর বিষয়টি নিম্নোক্তভাবে অনুমোদিত হয়েছে।


ব্যাচ ও বর্ষ	পূর্বের সময়	বর্ধিত সময়	টিউটোরিয়াল ক্লাস	মন্তব্য
২০১৯ ব্যাচের ২য় বর্ষ	২৮/০২/২০২১	২৩/০৩/২০২১ থেকে ০৬/০৫/২০২১ তারিখ পর্যন্ত	০২/০৪/২০২১ তারিখ হতে	রেজিস্ট্রেশন কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।
২০১৮ ব্যাচের ৩য় বর্ষ	তারিখ		অনলাইন/অফলাইন	রেজিস্ট্রেশন কার্যক্রম সনাতন পদ্ধতিতে বা অফলাইন সম্পন্ন করতে হবে।
২০১৭ ব্যাচের ৩য় বর্ষ (পুরাতন)	-		-	-

উল্লেখ্য, বিবিএস প্রোগ্রামের পরীক্ষা ২০১৯ শুরু হওয়ার পূর্ব পর্যন্ত অনলাইনে ক্লাস চলমান থাকবে। তবে করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে ফেইস টু ফেইস অথবা স্বাভাবিক না হলে অনলাইনে ক্লাস পরিচালিত হবে। নির্ধারিত ক্লাসের সংখ্যা মোট ২০টি।

বাউবি/এসএসএস/একাডেমিক/প্রজ্ঞাপন/বিশেষ ২-১; তারিখ : ১৯/০৭/২০২০ নং স্মারকে বর্ণিত প্রজ্ঞাপনের আলোকে বিলম্ব ফি'র বিষয়টি এক্ষেত্রে প্রযোজ্য হবে না।

অতএব, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীতভাবে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

 ২৯/০৩/২০২১

(মোছঃ ফেরদৌসী বেগম)

উপ-পরিচালক

এসএসএস বিভাগ

সদয় অবগতি ও কার্যার্থে :

১. রেজিস্ট্রার, বাউবি (বিষয়টি একাডেমিক কাউন্সিলে রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো)।
২. ডীন, ওপেন স্কুল, বাউবি।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, বাউবি।
৪. সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি (ওয়েব পেইজে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
৫. পরিচালক (এসএসএস) ও দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, অডিট সেল, উপাচার্যের দপ্তর, বাউবি।
৬. আইসিটি হেড, আইসিটি ও ই-লার্নিং সেন্টার, বাউবি (এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৭. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. যুগ্ম পরিচালক, ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দপ্তর, বাউবি।
৯. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সংরক্ষণ নথি।